বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার, ৪র্থ ও ৫ম তলা, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা ১০০০
ওয়েবসাইট: www.ntrca.gov.bd ও www.ntrca.teletalk.com.bd
ই-মেইল: office@ntrca.gov.bd, ফ্যাক্স: ০২-৪১০৩০০৪৯

স্মারক নম্বর: বেশিনিক/পমুপ্র/পঞ্চদশ নি.প./৮২২/২০১৮/৫৯৮ তারিখ: ২৮ নভেম্বর ২০১৮ খ্রি.

# বিজ্ঞপ্তি

## পঞ্চদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০১৮

দেশের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষক হতে আগ্রহী প্রার্থীদের নিবন্ধন ও প্রত্যয়নের লক্ষ্যে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA) কর্তৃক আয়োজিত পঞ্চদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০১৮-তে অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

এ পরীক্ষায় প্রার্থীদের প্রথম ধাপে প্রিলিমিনারি টেস্ট গ্রহণ করা হবে। প্রিলিমিনারি টেস্টে উত্তীর্ণ প্রার্থীদের দ্বিতীয় ধাপে লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে। পরবর্তী ধাপে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে।

২। <u>নিবন্ধন পরীক্ষার আবেদনপত্র:</u>

ক. এ পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণকে http://ntrca.teletalk.com.bd ওয়েবসাইটে প্রদত্ত ফরমে আবেদন করতে হবে।

খ. নিবন্ধন পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণকে এ বিজ্ঞপ্তির ৪নং অনুচ্ছেদে উল্লিখিত পদ্ধতিতে আবেদনপত্র অনলাইনে পূরণ করতে হবে।

গ. এ বিজ্ঞপ্তিটি www.ntrca.gov.bd এবং http://ntrca.teletalk.com.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

৩। <u>অনলাইনে আবেদনপত্র পূরণ এবং পরীক্ষার ফি জমাদানের তারিখ এবং সময়সীমা নিম্নরূপ:</u>

ক. Online-এ আবেদনপত্র পূরণ ও ফি জমা প্রদান শুরুর তারিখ ও সময়: ০৫ ডিসেম্বর ২০১৮ তারিখ বেলা ৩:০০ টা।

খ. Online-এ আবেদনপত্র জমা প্রদানের শেষ তারিখ ও সময়: ২৬ ডিসেম্বর ২০১৮ তারিখ সন্ধ্যা ৬:০০ টা পর্যন্ত।

গ. <u>অনলাইনে আবেদনের সময় প্রার্থীকে ১০নং অনুচ্ছেদে বর্ণিত সনদসমূহের হার্ডকপি প্রেরণের প্রয়োজন হবে না।</u> প্রিলিমিনারি টেস্টে উত্তীর্ণ প্রার্থীগণ ১০ নং অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা মোতাবেক হার্ডকপি প্রেরণ করবেন। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে ১০ নং অনুচ্ছেদে বর্ণিত সনদসমূহের মূলকপি মৌখিক পরীক্ষার সময় আবশ্যিকভাবে প্রদর্শন করতে হবে।

বি.দ্র. ক. ২৬ ডিসেম্বর ২০১৮ তারিখ সন্ধ্যা ৬:০০ টার মধ্যে শুধুমাত্র User ID প্রাপ্ত প্রার্থীগণ উক্ত সময়ের পরবর্তী ৭২ ঘণ্টার মধ্যে (অর্থাৎ ২৯ ডিসেম্বর ২০১৮ তারিখ সন্ধ্যা ৬:০০ টা পর্যন্ত) SMS-এর মাধ্যমে (বিজ্ঞপ্তির ৫নং অনুচ্ছেদের নির্দেশনা অনুসরণ করে) ফি জমা দিতে পারবেন।

খ. শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষায় না থেকে যুক্তিসঙ্গত সময় হাতে রেখে সতর্কতার সাথে প্রার্থীকে নিজে Online-এ আবেদনপত্র পূরণ ও প্রেরণ সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

৪। <u>অনলাইন আবেদনপত্র পূরণ করার নিয়মাবলি:</u>

ক. শিক্ষাগত যোগ্যতা অনুযায়ী প্রার্থী যে পদে আবেদন করতে ইচ্ছুক ওয়েবসাইটে প্রবেশ করে সেই পদের রেডিও বাটন সিলেক্ট করে আবেদনপত্রের ফরম Open করবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী নিজ স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০) pixel ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে সন্নিবেশ (Upload) করবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু প্রিলিমিনারি, লিখিত, মৌখিক পরীক্ষা ও অন্যান্য সকল কার্যক্রমসহ উত্তীর্ণ প্রার্থীদের সার্টিফিকেট প্রদানের ক্ষেত্রে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র প্রেরণ (Submit) করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। <u>পুণশ্চঃ পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন</u>। আবেদনপত্র প্রেরণ (Submit) করার পর কোন তথ্য সংশোধনযোগ্য নয়।

ঘ. বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের জন্য কোন প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা না থাকলে উক্ত প্রার্থী আবেদন করতে পারবেন না। কোন প্রার্থী বিদেশ হতে তাঁর অর্জিত ডিগ্রিকে উল্লিখিত পদসমূহের পার্শ্বে বর্ণিত কোন শিক্ষাগত যোগ্যতার সমমানের বলে দাবি করলে তাকে সে মর্মে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের মূলকপি মৌখিক পরীক্ষার সময় সাক্ষাৎকার বোর্ডে উপস্থাপন করতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।

ঙ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের প্রিন্টকপি সংরক্ষণ করবেন। প্রিলিমিনারি ও লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে এ অনলাইন আবেদনপত্রের একটি প্রিন্টকপি ও ১০নং অনুচ্ছেদে চাহিত সনদসমূহের মূলকপি মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করবেন। তাছাড়া পরীক্ষা চলাকালীন অনলাইন আবেদনপত্রের একটি প্রিন্টকপি প্রার্থী ব্যক্তিগতভাবে সংরক্ষণ করবেন যাতে সঠিকতা নিরূপণের প্রয়োজন হলে প্রার্থী তা প্রদর্শন করতে পারেন।

চ. প্রার্থী যে পদে পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন করতে ইচ্ছুক সে পদের বিপরীতে বিজ্ঞপ্তিতে উল্লিখিত বিষয়/ বিষয়সমূহ হতে নিবন্ধন পরীক্ষার ঐচ্ছিক বিষয় নির্ধারণ করবেন এবং তা Online আবেদনপত্রে উল্লেখ করবেন।

ছ. প্রার্থীর নিজ নাম, পিতার নাম ও মাতার নাম এস.এস.সি অথবা সমমানের পরীক্ষা পাশের সনদে যেরূপ উল্লেখ রয়েছে অনলাইন আবেদনপত্রে একইভাবে পূরণ করবেন।

জ. Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোন নম্বরে পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ে যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পঠন এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করার প্রতি মনোযোগী হবার পরামর্শ প্রদান করা হচ্ছে।

৫। <u>পরীক্ষার ফি প্রদান:</u>

ক. SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:

Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা অনুসারে প্রার্থীর ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত

Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে প্রদত্ত User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ নির্ধারিত ৩৫০/- (তিনশত পঞ্চাশ) টাকা আবেদন Submit করার অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা প্রদান করবেন।

প্রথম SMS: NTRCA<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

দ্বিতীয় SMS: NTRCA<space>Yes<Space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

খ. বিশেষভাবে উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

গ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন:

i. User ID জানা থাকলে: NTRCA<Space>Help<Space>User<Space>User ID & send to 16222.
Example: NTRCA Help User ABCDEF & send to 16222

ii. PIN Number জানা থাকলে: NTRCA<Space>Help<Space>PIN<Space>PIN Number & send to 16222.
Example: NTRCA Help PIN 12345678 & send to 16222.

৬। **অবতীর্ণ (Appeared) প্রার্থী:**

ক. শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে পরীক্ষায় অবতীর্ণ (Appeared) কোন প্রার্থীর আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

খ. শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে সদ্য উত্তীর্ণ প্রার্থীগণ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্র, টেবুলেশন শিট/ নম্বরপত্র ও প্রবেশপত্র মৌখিক পরীক্ষাকালে প্রদর্শনের জন্য সংরক্ষণ করবেন।

৭। **প্রবেশপত্র (Admit Card):**

ক. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি প্রার্থীর প্রদত্ত মোবাইল নম্বরে যথাসময়ে SMS-এর মাধ্যমে জানানো হবে। SMS প্রাপ্তির পর প্রার্থী তার প্রবেশপত্র http://ntrca.teletalk.com.bd ওয়েবসাইট হতে Download করে নিতে পারবেন।

খ. **প্রিলিমিনারি টেস্টের প্রবেশপত্র:** ৫নং অনুচ্ছেদের নির্দেশনা অনুসারে পরীক্ষার নির্ধারিত ফি জমা হলে টেলিটক বাংলাদেশ লিঃ হতে SMS-এর মাধ্যমে প্রার্থীর মোবাইল নম্বরে User ID এবং Password প্রেরণ করা হবে। প্রেরিত User ID এবং Password ব্যবহার করে প্রার্থী তার প্রিলিমিনারি টেস্টের প্রবেশপত্র যথাসময়ে Download করে নিতে পারবেন।

গ. **লিখিত পরীক্ষার প্রবেশপত্র:** প্রিলিমিনারি টেস্টে উত্তীর্ণ প্রার্থীদের ফলাফল প্রকাশিত হওয়ার পর উত্তীর্ণ প্রার্থীদের অনুকূলে প্রবেশপত্র http://ntrca.teletalk.com.bd ওয়েবসাইটে প্রদান (Upload) করা হবে। উত্তীর্ণ প্রার্থীগণ SMS প্রাপ্তির পর ইতোপূর্বে প্রদত্ত User ID এবং Password ব্যবহার করে লিখিত পরীক্ষার প্রবেশপত্র যথাসময়ে Download করে নিতে পারবেন।

ঘ. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় ও স্থান SMS-এর মাধ্যমে যথাসময়ে অবহিত করা হবে।

ঙ. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ প্রিলিমিনারি টেস্টের প্রবেশপত্র ও লিখিত পরীক্ষার প্রবেশপত্র সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষা ও নিবন্ধন সনদ গ্রহণের সময়ে সেগুলো আবশ্যিকভাবে প্রদর্শন করবেন।

৮। **ডিক্লারেশন:**

ক. প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এ মর্মে ঘোষণা দিতে হবে যে, আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন দুর্নীতির আশ্রয় গ্রহণ করা হলে বা কোন প্রার্থী আবেদনপত্রে জ্ঞাতসারে কোন ভুল বা মিথ্যা তথ্য প্রদান করলে বা প্রয়োজনীয় তথ্য গোপন করলে বা টেম্পারিং করলে বা কোন জাল সার্টিফিকেট দাখিল করলে বা বয়স ও শিক্ষাগত যোগ্যতা সংক্রান্ত সার্টিফিকেটের কোন অংশ বা প্রবেশপত্র কাটাকাটি বা পরিবর্তন করলে বা পরীক্ষার হলে মোবাইল ফোন বা কোন ধরনের ইলেকট্রনিক যোগাযোগ যন্ত্রসহ প্রবেশ এবং উক্ত প্রযুক্তির মাধ্যমে অসৎ পন্থা গ্রহণ করলে বা পরীক্ষার হলে দুর্ব্যবহার করলে বা প্রতারণার আশ্রয় নিলে তাকে উক্ত পরীক্ষাসহ NTRCA কর্তৃক অনুষ্ঠেয় পরবর্তী যে কোন পরীক্ষার জন্য অযোগ্য ঘোষণা করা হবে, অধিকন্তু তার বিরুদ্ধে ফৌজদারী কার্যক্রমও গ্রহণ করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

খ. কোন প্রার্থী সম্পর্কে অনুচ্ছেদ ৮-ক তে বর্ণিত কোন অভিযোগ পাওয়া গেলে, যথাযথ তদন্ত সাপেক্ষে সংশ্লিষ্ট প্রার্থীর নিবন্ধন বাতিল করে সনদপত্র প্রত্যাহার করা হবে এবং তিনি কোন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োগ পেয়ে থাকলে উক্ত নিয়োগ বাতিল বলে বিবেচিত হবে এবং নিয়োগ লাভের কারণে প্রাপ্ত আর্থিক সুবিধাদি ফেরতযোগ্য হবে এবং তার বিরুদ্ধে ফৌজদারী কার্যক্রমও গ্রহণ করা যাবে।

গ. প্রার্থী কর্তৃক প্রদত্ত ডিক্লারেশনের প্রেক্ষিতে প্রিলিমিনারি টেস্টের জন্য সাময়িকভাবে যোগ্য বিবেচনা করে প্রবেশপত্র প্রদান করা হবে।

৯। **প্রিলিমিনারি টেস্ট:**

ক. প্রিলিমিনারি টেস্টের সময়সূচি:
প্রিলিমিনারি টেস্টের সম্ভাব্য মাস এপ্রিল, ২০১৯। প্রিলিমিনারি টেস্টের সঠিক তারিখ, সময় ও স্থান প্রার্থীগণকে যথাসময়ে SMS-এর মাধ্যমে অবহিত করা হবে। বিষয়টি পরীক্ষার সাথে সংশ্লিষ্ট সকলকেও যথাসময়ে অবহিত করা হবে।

খ. প্রার্থীদের ১০০ (একশত) নম্বরের Multiple Choice Question (MCQ) Type প্রিলিমিনারি টেস্টে অংশগ্রহণ করতে হবে। পরীক্ষার পূর্ণ সময় ১ (এক) ঘন্টা। Optical Mark Readable Litho Code যুক্ত উত্তরপত্র OMR মেশিনে কম্পিউটারের মাধ্যমে মূল্যায়ন করা হবে।

গ. এ পরীক্ষায় মোট ১০০ (একশত) টি প্রশ্ন থাকবে। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ (এক) নম্বর পাবেন, তবে ভুল উত্তর দিলে প্রতিটি ভুল উত্তরের জন্য প্রাপ্ত মোট নম্বর হতে ০.৫০ (দশমিক পাঁচ শূন্য) নম্বর কাটা হবে।

ঘ. প্রিলিমিনারি টেস্টে অংশগ্রহণের ক্ষেত্রে প্রার্থীদের উপযুক্ততা এবং প্রিলিমিনারি টেস্টে কৃতকার্যতা নির্ধারণের ক্ষেত্রে এনটিআরসিএ-এর প্রদত্ত সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

ঙ. প্রিলিমিনারি টেস্টে পাস নম্বর ৪০%।

চ. ৩টি পর্যায়ে যথা- (১) স্কুল পর্যায় (২) স্কুল পর্যায়-২ ও (৩) কলেজ পর্যায়ে পৃথক প্রশ্নপত্রে পরীক্ষার্থীগণ প্রিলিমিনারি টেস্টে অংশগ্রহণ করবেন।

ছ. প্রিলিমিনারি টেস্টের বিষয় ও নম্বর বণ্টন নিম্নে প্রদান করা হলো:

| ক্র নং | বিষয়ের নাম | নম্বর বণ্টন |
|---|---|---|
| ১. | বাংলা | ২৫ |
| ২. | ইংরেজি | ২৫ |
| ৩. | সাধারণ গণিত | ২৫ |
| ৪. | সাধারণ জ্ঞান | ২৫ |
| | মোট= | ১০০ |

১০। **প্রিলিমিনারি টেস্টে উত্তীর্ণ প্রার্থীদের সনদসমূহের হার্ডকপি জমাদান:**

ক. প্রিলিমিনারি টেস্টে উত্তীর্ণ প্রার্থীগণকে SMS-এর মাধ্যমে সনদসমূহের হার্ডকপি প্রেরণের তারিখ ও সময় অবহিত করা হবে। প্রিলিমিনারি টেস্টে উত্তীর্ণ প্রার্থীগণ SMS-এ প্রাপ্ত নির্দেশনা মোতাবেক Online-এ পূরণকৃত আবেদন ফরম (Applicant's Copy)-এর সাথে নিম্নোক্ত সনদ/ ডকুমেন্টসমূহ প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে খামে ভরে যথেষ্ট সময় হাতে রেখে ডাকযোগে নিম্নঠিকানায় পৌঁছানো অবশ্যই নিশ্চিত করবেন:

**প্রাপক:**

**ঢাকা জি.পি.ও. বক্স নম্বর-১০৩**

**ঢাকা-১০০০।**

খ. প্রয়োজনীয় সনদ/ Documents:

১. Online-এ পূরণকৃত আবেদন ফরম (Applicant's Copy) এর হার্ডকপি;
২. সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র;
৩. স্নাতক (পাস/ সম্মান) পর্যায়ের নম্বরপত্র (মার্ক শিট/ টেবুলেশন শিট);
৪. কেবল সহকারী শিক্ষক পদসমূহের ক্ষেত্রে প্রার্থী কর্তৃক Online আবেদনপত্রে উল্লিখিত Optional Subject-এর স্বপক্ষে প্রমাণ স্বরূপ স্নাতক (পাস/ সম্মান) পর্যায়ের প্রবেশপত্র/ পত্রসমূহ;
৫. নাগরিকত্ব সনদপত্র;
৬. প্রযোজ্য ক্ষেত্রে প্রশিক্ষণ সনদপত্র;
৭. জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদ।

গ. আবেদনপত্রের হার্ডকপি কোনক্রমেই হাতে হাতে এনটিআরসিএ কার্যালয়ে গ্রহণ করা হবে না।

ঘ. প্রিলিমিনারি টেস্টে উত্তীর্ণ প্রার্থীদের হার্ডকপি প্রেরণের ক্ষেত্রে খামের উপরে **''পঞ্চদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০১৮ এর আবেদনপত্র''** লিখতে হবে।

ঙ. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ ১০ (খ) অনুচ্ছেদে বর্ণিত সনদসমূহের মূলকপি এবং কর্তৃপক্ষ কর্তৃক চাহিত অন্য যে কোন সনদের মূলকপি মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করবেন।

চ. মৌখিক পরীক্ষার সময় ১০ (খ) অনুচ্ছেদে বর্ণিত সনদপত্রসমূহের মূলকপি প্রদর্শনে ব্যর্থ হলে প্রার্থীতা বাতিল হবে।

ছ. প্রিলিমিনারি টেস্টে উত্তীর্ণ (কমপক্ষে ৪০% নম্বরপ্রাপ্ত) প্রার্থীগণের সনদপত্রসমূহ ও সংশ্লিষ্ট কাগজপত্রের হার্ডকপি এনটিআরসিএ কর্তৃক যাচাই-এর পর কেবল ত্রুটিমুক্ত প্রার্থীগণ লিখিত পরীক্ষায় অবতীর্ণ হওয়ার যোগ্য হিসেবে বিবেচিত হবেন।

১১। **লিখিত পরীক্ষা:**

ক. লিখিত পরীক্ষার তারিখ, সময় ও স্থান সংশ্লিষ্ট প্রার্থীগণকে যথাসময়ে SMS-এর মাধ্যমে অবহিত করা হবে। বিষয়টি পরীক্ষার সাথে সংশ্লিষ্ট সকলকেও যথাসময়ে অবহিত করা হবে।

খ. ১০০ (একশত) নম্বরের প্রতিটি বিষয়ের লিখিত পরীক্ষার সময় ৩ (তিন) ঘণ্টা।

গ. লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম অনুসারে প্রতিটি বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক বিধি মোতাবেক নির্ধারিত সংখ্যক প্রার্থীকে মৌখিক পরীক্ষার জন্য নির্বাচন করা হবে।

১২। **লিখিত পরীক্ষায় উত্তরদানের ভাষা:**

বাংলা, ইংরেজি ও অন্যান্য ভাষা সম্পর্কিত বিষয়ের প্রশ্নের উত্তর সংশ্লিষ্ট ভাষাতেই লিখতে হবে। অন্যান্য বিষয়ের প্রশ্নের উত্তর বাংলা বা ইংরেজি মাধ্যমের যে কোন একটিতে লিখা যাবে। একটি বিষয়ের উত্তরে (উদ্ধৃতি বা অনিবার্য টেক্সট ব্যতীত) একাধিক ভাষা ব্যবহার করা যাবে না। কোন বিষয়ের প্রশ্নপত্রে অন্য কোনরূপ নির্দেশনা থাকলে উক্ত বিষয়ের ক্ষেত্রে ঐ নির্দেশনা অনুযায়ী প্রশ্নোত্তর লিখতে হবে।

১৩। **মৌখিক পরীক্ষা:**

ক. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ফলাফল প্রকাশিত হওয়ার পর উত্তীর্ণ প্রার্থীদের অনুকূলে মৌখিক পরীক্ষার প্রবেশপত্র http://ntrca.teletalk.com.bd ওয়েবসাইটে প্রদান (Upload) করা হবে। উত্তীর্ণ প্রার্থীগণ SMS প্রাপ্তির পর ইতোপূর্বে প্রদত্ত User ID এবং Password ব্যবহার করে মৌখিক পরীক্ষার প্রবেশপত্র যথাসময়ে Download করে নিতে পারবেন।

খ. লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে বিধি মোতাবেক যোগ্য প্রার্থীকে মৌখিক পরীক্ষায় আমন্ত্রণ জানানো হবে।

গ. মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীগণকে SMS-এর মাধ্যমে মৌখিক পরীক্ষার তারিখ, সময় ও স্থান অবহিত করা হবে। SMS-এ প্রাপ্ত নির্দেশনা মোতাবেক নির্বাচিত প্রার্থীগণকে কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত নম্বরের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

ঘ. লিখিত ও মৌখিক পরীক্ষার প্রাপ্ত নম্বরের ভিত্তিতে বিধি মোতাবেক ফলাফল প্রকাশ করা হবে।

১৪। **পর্যায়সমূহ:**

ক. স্কুল পর্যায় বলতে সহকারী শিক্ষক (বাংলা, ইংরেজি, সামাজিক বিজ্ঞান, ব্যবসায় শিক্ষা, গণিত, ভৌত বিজ্ঞান, পদার্থ বিজ্ঞান, রসায়ন, জীব বিজ্ঞান, কৃষি, গার্হস্থ্য অর্থনীতি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, চারু ও কারুকলা এবং ধর্ম), সহকারী শিক্ষক (শরীরচর্চা)/শরীরচর্চা শিক্ষক, সহকারী মৌলবি, এবতেদায়ি প্রধান ও প্রদর্শক পদকে বুঝাবে।

খ. স্কুল পর্যায়-২ বলতে ট্রেড ইন্সট্রাক্টর, জুনিয়র মৌলবি, জুনিয়র শিক্ষক (সাধারণ) ও এবতেদায়ি ক্বারী পদকে বুঝাবে।

গ. কলেজ পর্যায় বলতে প্রভাষক/ ইন্সট্রাক্টর (টেক)/ ইন্সট্রাক্টর (নন-টেক) পদকে বুঝাবে।

১৫। **লিখিত পরীক্ষার পদ, যোগ্যতার বিবরণ এবং অন্যান্য শর্তাবলী নিম্নে উল্লেখ করা হল:**

| ক্রমিক নং | শিক্ষা প্রতিষ্ঠানের ধরণ | পদের নাম | পরীক্ষার বিষয় | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | • নিম্ন মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-৮ম)<br>• মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১০ম)<br>• উচ্চ মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১২শ)<br>• দাখিল মাদরাসা (১ম-১০ম)<br>• আলিম মাদরাসা (১ম-১২শ)<br>• ফাযিল মাদরাসা (১ম-১৫শ)<br>• কামিল মাদরাসা (১ম-১৭শ) | সহকারী শিক্ষক (বাংলা) | বাংলা | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পর্যায়ে ন্যূনতম ৩০০ নম্বরের বাংলাসহ স্নাতক ডিগ্রি/ সমমান ও বি.এড ডিগ্রি/ সমমান।<br>অথবা<br>২. স্নাতক পর্যায়ে ন্যূনতম ৩০০ নম্বরের বাংলাসহ স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/সমমান।<br>সমগ্র শিক্ষাজীবনে যে কোন ১টি ৩য় বিভাগ/ সমমান গ্রহণযোগ্য হবে। |
| ২. | • মাধ্যমিক কারিগরি ও ভোকেশনাল ইনস্টিটিউট<br>• দাখিল ভোকেশনাল মাদরাসা | সহকারী শিক্ষক (বাংলা) | বাংলা | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পর্যায়ে ৩০০ নম্বরের বাংলাসহ ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতক ডিগ্রি/সমমান ও বি.এড ২য় শ্রেণি।<br>অথবা<br>২. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পর্যায়ে ৩০০ নম্বরের বাংলাসহ ২য় শ্রেণি (সমমান সিজিপিএ) স্নাতক ডিগ্রি/সমমান।<br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে। |
| ৩. | • নিম্ন মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-৮ম)<br>• মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১০ম)<br>• উচ্চ মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১২শ)<br>• দাখিল মাদরাসা (১ম-১০ম)<br>• আলিম মাদরাসা (১ম-১২শ)<br>• ফাযিল মাদরাসা (১ম-১৫শ)<br>• কামিল মাদরাসা (১ম-১৭শ) | সহকারী শিক্ষক (ইংরেজি) | ইংরেজি | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পর্যায়ে ন্যূনতম ৩০০ নম্বরের ইংরেজিসহ স্নাতক ডিগ্রি/সমমান ও বি.এড ডিগ্রি/ সমমান।<br>অথবা<br>২. স্নাতক পর্যায়ে ন্যূনতম ৩০০ নম্বরের ইংরেজিসহ স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/সমমান।<br>সমগ্র শিক্ষাজীবনে যে কোন ১টি ৩য় বিভাগ/সমমান গ্রহণযোগ্য হবে। |
| ৪. | • মাধ্যমিক কারিগরি ও ভোকেশনাল ইনস্টিটিউট<br>• দাখিল ভোকেশনাল মাদরাসা | সহকারী শিক্ষক (ইংরেজি) | ইংরেজি | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পর্যায়ে ৩০০ নম্বরের ইংরেজিসহ ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতক ডিগ্রি/ সমমান ও বি.এড ২য় শ্রেণি।<br>অথবা<br>২. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পর্যায়ে ৩০০ নম্বরের ইংরেজিসহ ২য় শ্রেণি (সমমান সিজিপিএ) স্নাতক ডিগ্রি/সমমান।<br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে। |
| ৫. | • নিম্ন মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-৮ম)<br>• মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১০ম)<br>• উচ্চ মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১২শ)<br>• দাখিল মাদরাসা (১ম-১০ম)<br>• আলিম মাদরাসা (১ম-১২শ)<br>• ফাযিল মাদরাসা (১ম-১৫শ)<br>• কামিল মাদরাসা (১ম-১৭শ) | সহকারী শিক্ষক (সামাজিক বিজ্ঞান) | ১. অর্থনীতি<br>২. রাষ্ট্রবিজ্ঞান<br>৩. ইতিহাস<br>৪. ইসলামের ইতিহাস ও সংস্কৃতি<br>৫. সমাজবিজ্ঞান<br>৬. সমাজকল্যাণ/ সমাজকর্ম<br>৭. ভূগোল ও পরিবেশ বিজ্ঞান | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়সহ স্নাতক ডিগ্রি/সমমান ও বি.এড ডিগ্রি/সমমান।<br>অথবা<br>২. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়সহ স্নাতক ডিগ্রি/সমমান।<br>সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় বিভাগ/সমমান গ্রহণযোগ্য হবে। |
| ৬. | • মাধ্যমিক কারিগরি ও ভোকেশনাল ইনস্টিটিউট<br>• দাখিল ভোকেশনাল মাদরাসা | সহকারী শিক্ষক (সামাজিক বিজ্ঞান) | সমাজবিজ্ঞান | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সমাজবিজ্ঞান বিষয়ে ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতক ডিগ্রি/সমমান ও বি.এড ২য় শ্রেণি।<br>অথবা<br>২. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সমাজবিজ্ঞান বিষয়ে ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতক ডিগ্রি/সমমান।<br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে। |

| ক্রমিক নং | শিক্ষা প্রতিষ্ঠানের ধরণ | পদের নাম | পরীক্ষার বিষয় | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৭. | • মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১০ম)<br>• উচ্চ মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১২শ)<br>• দাখিল মাদরাসা (১ম-১০ম)<br>• আলিম মাদরাসা (১ম-১২শ)<br>• ফাযিল মাদরাসা (১ম-১৫শ)<br>• কামিল মাদরাসা (১ম-১৭শ) | সহকারী শিক্ষক (ব্যবসায় শিক্ষা) | ব্যবসায় শিক্ষা (হিসাব বিজ্ঞান, ব্যবসায় পরিচিতি, অর্থায়ন ও বাজারজাতকরণ, ব্যবসায় উদ্যোগ ও বাণিজ্যিক ভূগোল) | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য/ব্যবসায় শিক্ষা বিভাগে স্নাতক ডিগ্রি/ সমমান ও বি.এড ডিগ্রি/সমমান।<br>অথবা<br>২. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য/ব্যবসায় শিক্ষা বিভাগে স্নাতক ডিগ্রি/ সমমান।<br>সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় বিভাগ/সমমান গ্রহণযোগ্য হবে। |
| ৮. | • নিম্ন মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-৮ম)<br>• মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১০ম)<br>• উচ্চ মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১২শ)<br>• দাখিল মাদরাসা (১ম-১০ম)<br>• আলিম মাদরাসা (১ম-১২শ)<br>• ফাযিল মাদরাসা (১ম-১৫শ)<br>• কামিল মাদরাসা (১ম-১৭শ) | সহকারী শিক্ষক (গণিত) | গণিত | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গণিতসহ বিজ্ঞান বিভাগে স্নাতক ডিগ্রি/ সমমান ও বি.এড ডিগ্রি/ সমমান।<br>অথবা<br>২. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গণিতসহ বিজ্ঞান বিভাগে স্নাতক ডিগ্রি/ সমমান।<br>সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় বিভাগ/সমমান গ্রহণযোগ্য হবে। |
| ৯. | • মাধ্যমিক কারিগরি ও ভোকেশনাল ইনস্টিটিউট<br>• দাখিল ভোকেশনাল মাদরাসা | সহকারী শিক্ষক (গণিত) | গণিত | ১. কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান শাখায় গণিত বিষয়সহ ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতক ডিগ্রি/সমমান ও বি.এড ২য় শ্রেণি।<br>অথবা<br>২. কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান শাখায় গণিত বিষয়সহ ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতক ডিগ্রি/সমমান।<br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে। |
| ১০. | • নিম্ন মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-৮ম)<br>• মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১০ম)<br>• উচ্চ মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১২শ)<br>• দাখিল মাদরাসা (১ম-১০ম)<br>• আলিম মাদরাসা (১ম-১২শ)<br>• ফাযিল মাদরাসা (১ম-১৫শ)<br>• কামিল মাদরাসা (১ম-১৭শ) | সহকারী শিক্ষক (ভৌত বিজ্ঞান) | ১. পদার্থ বিজ্ঞান<br>২. রসায়ন | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পদার্থ/রসায়নসহ বিজ্ঞান বিভাগে স্নাতক ডিগ্রি/সমমান ও বি.এড ডিগ্রি/সমমান।<br>অথবা<br>২. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পদার্থ/রসায়নসহ বিজ্ঞান বিভাগে স্নাতক ডিগ্রি/সমমান।<br>সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় বিভাগ/সমমান গ্রহণযোগ্য হবে। |
| ১১. | • মাধ্যমিক কারিগরি ও ভোকেশনাল ইনস্টিটিউট<br>• দাখিল ভোকেশনাল মাদরাসা | সহকারী শিক্ষক (পদার্থবিজ্ঞান) | পদার্থবিজ্ঞান | ১. কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পদার্থবিজ্ঞান বিষয়সহ ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতক ডিগ্রি/সমমান ও বি.এড ২য় শ্রেণি।<br>অথবা<br>২. কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পদার্থবিজ্ঞান বিষয়সহ ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতক ডিগ্রি/সমমান।<br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে। |
| ১২. | • মাধ্যমিক কারিগরি ও ভোকেশনাল ইনস্টিটিউট<br>• দাখিল ভোকেশনাল মাদরাসা | সহকারী শিক্ষক (রসায়ন) | রসায়ন | ১. কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে রসায়ন বিষয়সহ ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতক ডিগ্রি/ সমমান ও বি.এড ২য় শ্রেণি।<br>অথবা<br>২. কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে রসায়ন বিষয়সহ ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতক ডিগ্রি/সমমান।<br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে। |
| ১৩. | • মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১০ম)<br>• উচ্চ মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১২শ)<br>• দাখিল মাদরাসা (১ম-১০ম) | সহকারী শিক্ষক (জীববিজ্ঞান) | ১. প্রাণিবিজ্ঞান<br>২. উদ্ভিদবিজ্ঞান | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে প্রাণিবিজ্ঞান/উদ্ভিদবিজ্ঞানসহ স্নাতক ডিগ্রি/ সমমান ও বি.এড ডিগ্রি/সমমান।<br>অথবা |

| ক্রমিক নং | শিক্ষা প্রতিষ্ঠানের ধরণ | পদের নাম | পরীক্ষার বিষয় | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | • আলিম মাদরাসা (১ম-১২শ)<br>• ফাযিল মাদরাসা (১ম-১৫শ)<br>• কামিল মাদরাসা (১ম-১৭শ) | | | ২. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে প্রাণিবিজ্ঞান/ উদ্ভিদবিজ্ঞানসহ স্নাতক ডিগ্রি/সমমান।<br>সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় বিভাগ/সমমান গ্রহণযোগ্য হবে। |
| ১৪. | • নিম্ন মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-৮ম)<br>• মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১০ম)<br>• উচ্চ মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১২শ)<br>• দাখিল মাদরাসা (১ম-১০ম)<br>• আলিম মাদরাসা (১ম-১২শ)<br>• ফাযিল মাদরাসা (১ম-১৫শ)<br>• কামিল মাদরাসা (১ম-১৭শ) | সহকারী শিক্ষক (গার্হস্থ্য/গার্হস্থ্য অর্থনীতি) | গার্হস্থ্য অর্থনীতি | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়সহ স্নাতক ডিগ্রি/ সমমান ও বি.এড ডিগ্রি/সমমান।<br>অথবা<br>২. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়সহ স্নাতক ডিগ্রি/সমমান।<br>সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় বিভাগ/সমমান গ্রহণযোগ্য হবে। |
| ১৫. | • নিম্ন মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-৮ম)<br>• মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১০ম)<br>• উচ্চ মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১২শ) | সহকারী শিক্ষক (ধর্ম) | ১. ইসলাম শিক্ষা<br>২. হিন্দু ধর্ম শিক্ষা<br>৩. বৌদ্ধধর্ম শিক্ষা<br>৪. খ্রিস্টধর্ম শিক্ষা | ১. ইসলাম ধর্মের ক্ষেত্রে:<br>ক. ফাযিল/সমমান ডিগ্রি ও বি.এড ডিগ্রি/সমমান।<br>অথবা<br>কামিল/সমমান ডিগ্রি।<br>খ. ফাযিল/সমমান ডিগ্রি।<br>২. হিন্দু ধর্মের ক্ষেত্রে:<br>ক. উপাধি ডিগ্রিসহ স্নাতক ডিগ্রি/সমমান ও বি.এড ডিগ্রি/সমমান।<br>খ. সংস্কৃত বিষয়সহ স্নাতক ডিগ্রি।<br>৩. বৌদ্ধ ধর্মের ক্ষেত্রে:<br>পালি বিষয়সহ স্নাতক ডিগ্রি/সমমান।<br>৪. খ্রিস্ট ধর্মের ক্ষেত্রে:<br>থিওলজিক্যাল কোর্স সম্পন্নকরণসহ স্নাতক ডিগ্রি।<br>সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় বিভাগ/সমমান গ্রহণযোগ্য হবে। |
| ১৬. | • মাধ্যমিক কারিগরি ও ভোকেশনাল ইনস্টিটিউট<br>• দাখিল ভোকেশনাল মাদরাসা | সহকারী শিক্ষক (ধর্ম) | ১. ইসলাম শিক্ষা<br>২. হিন্দু ধর্ম শিক্ষা<br>৩. বৌদ্ধধর্ম শিক্ষা<br>৪. খ্রিস্টধর্ম শিক্ষা | ১. ইসলাম ধর্মের ক্ষেত্রে:<br>ন্যূনতম ২য় শ্রেণির ফাযিল ডিগ্রি।<br>২. হিন্দু ধর্মের ক্ষেত্রে:<br>উপাধি ডিগ্রি/সংস্কৃত বিষয়সহ ২য় শ্রেণির স্নাতক ডিগ্রি।<br>৩. বৌদ্ধ ধর্মের ক্ষেত্রে:<br>পালি বিষয়সহ স্নাতক ডিগ্রি।<br>৪. খ্রিস্ট ধর্মের ক্ষেত্রে:<br>থিওলজিক্যাল কোর্স সম্পন্নকরণসহ ২য় শ্রেণির স্নাতক ডিগ্রি।<br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে। |
| ১৭. | • নিম্ন মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-৮ম)<br>• মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১০ম)<br>• উচ্চ মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১২শ) | সহকারী শিক্ষক (কৃষি) | কৃষি শিক্ষা | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে নিম্নের যেকোন ১টি ডিগ্রি/সমমান থাকতে হবে:<br>বিএসসি (পাস/সম্মান) [কৃষি/কৃষি অর্থনীতি/মৎস্য/ পশুপালন/কৃষি প্রকৌশল/ উদ্ভিদবিদ্যা/ প্রাণিবিদ্যা/ মৃত্তিকাবিজ্ঞান/ ডিভিএম]।<br>অথবা<br>কৃষি ডিপ্লোমা/ সমমান।<br>সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় বিভাগ/সমমান গ্রহণযোগ্য হবে। |
| ১৮. | • দাখিল মাদরাসা (১ম-১০ম)<br>• আলিম মাদরাসা (১ম-১২শ)<br>• ফাযিল মাদরাসা (১ম-১৫শ)<br>• কামিল মাদরাসা (১ম-১৭শ) | সহকারী শিক্ষক (কৃষি) | কৃষি শিক্ষা | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বি.এডসহ নিম্নলিখিত যেকোন ১টি ডিগ্রি/সমমান থাকতে হবেঃ<br>বিএসসি (পাস/সম্মান) [কৃষি/কৃষি অর্থনীতি/ মৎস্য/ পশুপালন/কৃষি প্রকৌশল/ উদ্ভিদবিদ্যা/ প্রাণিবিদ্যা/ মৃত্তিকাবিজ্ঞান/ ডিভিএম]।<br>অথবা |

| ক্রমিক নং | শিক্ষা প্রতিষ্ঠানের ধরণ | পদের নাম | পরীক্ষার বিষয় | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | | | কৃষি ডিপ্লোমা/ সমমান।<br>সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় বিভাগ/সমমান গ্রহণযোগ্য হবে। |
| ১৯. | • মাধ্যমিক কারিগরি ও ভোকেশনাল ইনস্টিটিউট<br>• দাখিল ভোকেশনাল মাদরাসা | সহকারী শিক্ষক (কৃষি) | কৃষি শিক্ষা | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিএসসি ইন কৃষি/কৃষি অর্থনীতি/মৎস্য/প্রাণী চিকিৎসা ও উৎপাদন/ পশুপালন/কৃষি প্রকৌশল/ডিভিএম/মৃত্তিকা বিজ্ঞান বিষয়ে ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতক ডিগ্রি।<br>অথবা<br>০৩ (তিন) বা ০৪ (চার) বৎসর মেয়াদি কৃষি ডিপ্লোমায় ২য় বিভাগ বা সমমান জিপিএ।<br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে। |
| ২০. | • নিম্ন মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-৮ম)<br>• মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১০ম)<br>• উচ্চ মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১২শ) | সহকারী শিক্ষক (চারু ও কারুকলা) | চারু ও কারুকলা | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে চারুকলায় স্নাতক ডিগ্রি ও বি.এড ডিগ্রি/সমমান।<br>অথবা<br>২. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে চারুকলায় স্নাতক ডিগ্রি।<br>সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় বিভাগ/সমমান গ্রহণযোগ্য হবে। |
| ২১. | • নিম্ন মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-৮ম)<br>• মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১০ম)<br>• উচ্চ মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১২শ)<br>• দাখিল মাদরাসা (১ম-১০ম)<br>• আলিম মাদরাসা (১ম-১২শ)<br>• ফাযিল মাদরাসা (১ম-১৫শ)<br>• কামিল মাদরাসা (১ম-১৭শ) | সহকারী শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) | ১. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি<br>২. কম্পিউটার বিজ্ঞান | কম্পিউটার বিজ্ঞান/কম্পিউটার ইঞ্জিনিয়ারিং এ স্নাতক/সমমান।<br>অথবা<br>বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে ০৩ বছর মেয়াদি ডিপ্লোমা ইন কম্পিউটার সায়েন্স ডিগ্রি।<br>সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় বিভাগ/সমমান গ্রহণযোগ্য হবে। |
| ২২. | • নিম্ন মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-৮ম)<br>• মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১০ম)<br>• উচ্চ মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১২শ)<br>• উচ্চ মাধ্যমিক কলেজ (১১শ-১২শ)<br>• স্নাতক (পাস) কলেজ (১১শ-১৫শ)<br>• দাখিল মাদরাসা (১ম-১০ম)<br>• আলিম মাদরাসা (১ম-১২শ)<br>• ফাযিল মাদরাসা (১ম-১৫শ)<br>• কামিল মাদরাসা (১ম-১৭শ) | সহকারী শিক্ষক (শরীর চর্চা/শারীরিক শিক্ষা) | শারীরিক শিক্ষা ও ক্রীড়া | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/সমমান ও বি.পি.এড ডিগ্রি/সমমান।<br>অথবা<br>২. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/সমমান ও জুনিয়র ফিজিক্যাল ডিপ্লোমা।<br>সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় বিভাগ/সমমান গ্রহণযোগ্য হবে। |
| ২৩. | • মাধ্যমিক কারিগরি ও ভোকেশনাল ইনস্টিটিউট<br>• দাখিল ভোকেশনাল মাদরাসা | সহকারী শিক্ষক (শরীর চর্চা) | শারীরিক শিক্ষা ও ক্রীড়া | ১. কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতক ডিগ্রি এবং সরকার স্বীকৃত প্রতিষ্ঠান হতে ফিজিক্যাল এডুকেশন এ ডিপ্লোমা অথবা ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) বিপিএড।<br>অথবা<br>২. কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হতে ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতকসহ জুনিয়র ডিপ্লোমা/ফিজিক্যাল এডুকেশন প্রশিক্ষণ প্রাপ্ত।<br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে। |
| ২৪. | • উচ্চ মাধ্যমিক ব্যবসায় ব্যবস্থাপনা কলেজ/ ইনস্টিটিউট | সহকারী শিক্ষক (শরীর চর্চা) | শারীরিক শিক্ষা ও ক্রীড়া | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতকোত্তর ডিগ্রিসহ ফিজিক্যাল এডুকেশন ডিপ্লোমা<br>অথবা<br>২য় শ্রেণির (সমমান সিজিপিএ) বিপিএড।<br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে। |
| ২৫. | • উচ্চ মাধ্যমিক কারিগরি ও ভোকেশনাল ইনস্টিটিউট | জুনিয়র ইন্সট্রাক্টর (শরীরচর্চা) | | |
| | • কৃষি ডিপ্লোমা ইনস্টিটিউট | সহকারী প্রশিক্ষক (শরীরচর্চা) | | |

| ক্রমিক নং | শিক্ষা প্রতিষ্ঠানের ধরণ | পদের নাম | পরীক্ষার বিষয় | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ২৬. | • উচ্চ মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১২শ)<br>• উচ্চ মাধ্যমিক কলেজ (১১শ-১২শ)<br>• স্নাতক (পাস) কলেজ (১১শ-১৫শ)<br>• আলিম মাদরাসা (১ম-১২শ)<br>• ফাযিল মাদরাসা (১ম-১৫শ)<br>• কামিল মাদরাসা (১ম-১৭শ) | প্রদর্শক (কম্পিউটার/ আইসিটি) | কম্পিউটার বিজ্ঞান | কম্পিউটার বিজ্ঞান/কম্পিউটার ইঞ্জিনিয়ারিং এ স্নাতক/সমমান।<br>অথবা<br>বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে ০৩ বছর মেয়াদি ডিপ্লোমা ইন কম্পিউটার সায়েন্স ডিগ্রি।<br>সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় বিভাগ/সমমান গ্রহণযোগ্য হবে। |
| ২৭. | • মাধ্যমিক কারিগরি ও ভোকেশনাল ইনস্টিটিউট<br>• দাখিল ভোকেশনাল মাদরাসা<br>• উচ্চ মাধ্যমিক কারিগরি ও ভোকেশনাল ইনস্টিটিউট<br>• উচ্চ মাধ্যমি ব্যবসায় ব্যবস্থাপনা কলেজ/ ইনস্টিটিউট<br>• কৃষি ডিপ্লোমা ইনস্টিটিউট | কম্পিউটার প্রদর্শক | কম্পিউটার বিজ্ঞান | কোন স্বীকৃত বোর্ড হতে কম্পিউটার টেকনোলজিতে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ২য় বিভাগ (সমমান সিজিপিএ)।<br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে। |
| ২৮. | • উচ্চ মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১২শ)<br>• উচ্চ মাধ্যমিক কলেজ (১১শ-১২শ)<br>• স্নাতক (পাস) কলেজ (১১শ-১৫শ) | প্রদর্শক | ১. পদার্থবিজ্ঞান<br>২. রসায়ন<br>৩. প্রাণিবিদ্যা<br>৪. উদ্ভিদবিজ্ঞান | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়সহ ২য় শ্রেণির স্নাতক ডিগ্রী/ সমমান।<br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত শিক্ষা জীবনের অন্যান্য স্তরে যেকোন ১টি ৩য় বিভাগ/ সমমান গ্রহণযোগ্য হবে।<br>অথবা<br>স্নাতকোত্তর/ সমমান পর্যায়ে ২য় শ্রেণি থাকলে অন্যান্য পর্যায়ে যে কোন ১টি ৩য় বিভাগ/ সমমান গ্রহণযোগ্য হবে। |
| ২৯. | • দাখিল মাদরাসা (১ম-১০ম)<br>• আলিম মাদরাসা (১ম-১২শ)<br>• ফাযিল মাদরাসা (১ম-১৫শ)<br>• কামিল মাদরাসা (১ম-১৭শ) | সহকারী মৌলবি | ইসলাম শিক্ষা | ১. বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড হতে ফাযিল/ স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সমমান ডিগ্রিসহ বিএমএড/ বি.এড/সমমান।<br>অথবা<br>ইসলামী বিশ্ববিদ্যালয়/ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদরাসাসমূহ হতে ফাযিল বা সমমান ডিগ্রিসহ বিএমএড/ বি.এড/ সমমান।<br>অথবা<br>ইসলামী বিশ্ববিদ্যালয়/ স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের থিওলজি অনুষদ, আরবি ও ফিকাহ বিভাগ হতে অনার্স ডিগ্রিসহ বিএমএড/বি.এড/ সমমান।<br>অথবা<br>২. বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড হতে ফাযিল/ স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সমমান।<br>অথবা<br>ইসলামী বিশ্ববিদ্যালয়/ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদরাসাসমূহ হতে ফাযিল ডিগ্রি বা সমমান।<br>সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় বিভাগ বা শ্রেণি গ্রহণযোগ্য হবে। |
| ৩০. | • সংযুক্ত এবতেদায়ি মাদরাসা | এবতেদায়ি প্রধান | ইসলাম শিক্ষা | বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড হতে ফাযিল/স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সমমান ডিগ্রি।<br>অথবা<br>ইসলামী বিশ্ববিদ্যালয়/ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদরাসাসমূহ হতে ফাযিল ডিগ্রি/সমমান ডিগ্রি।<br>অথবা<br>ইসলামী বিশ্ববিদ্যালয়/স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের থিওলজি অনুষদ, আরবি ও ফিকাহ বিভাগ হতে অনার্স ডিগ্রি।<br>সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় বিভাগ বা শ্রেণি |

| ক্রমিক নং | শিক্ষা প্রতিষ্ঠানের ধরণ | পদের নাম | পরীক্ষার বিষয় | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | | | গ্রহণযোগ্য হবে। |
| | | জুনিয়র মৌলবি | কুরআন ও তাজবীদ/ ফিকাহ ও আরবি | বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড হতে আলিম ডিগ্রি। সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় বিভাগ বা শ্রেণি গ্রহণযোগ্য হবে। |
| | | জুনিয়র শিক্ষক (সাধারণ) | ভাষা (বাংলা ও ইংরেজি) | এইচ এস সি/সমমান। সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় বিভাগ বা শ্রেণি গ্রহণযোগ্য হবে। |
| | | এবতেদায়ি ক্বারি | কুরআন ও তাজবীদ/ ফিকাহ ও আরবি | বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড হতে দাখিল মুজাব্বিদ।<br>অথবা<br>আলিম মুজাব্বিদ মাহির।<br>সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় বিভাগ বা শ্রেণি গ্রহণযোগ্য হবে। |
| ৩১. | • মাধ্যমিক কারিগরি ও ভোকেশনাল ইনস্টিটিউট<br>• দাখিল ভোকেশনাল মাদরাসা | ট্রেড ইনস্ট্রাক্টর | ১. এগ্রোবেসড্ ফুড ২. জেনারেল ইলেকট্রনিক্স ৩. অটোমোটিভ ৪. বিল্ডিং মেইনটেন্যান্স/ সিভিল কন্সট্রাকশন ৫. কম্পিউটার ও তথ্য প্রযুক্তি ৬. ড্রেস মেকিং ৭. ফার্ম মেশিনারি ৮. ফিস কালচার এন্ড ব্রিডিং/শ্রিম্প কালচার এন্ড ব্রিডিং ৯. ফুড প্রসেসিং এন্ড প্রিজার্ভেশন ১০. জেনারেল মেকানিক্স ১১. পোল্ট্রি রিয়ারিং এন্ড ফার্মিং ১২. জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস/ ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স ওয়ার্কস ১৩. রিফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং ১৪. ফ্লাওয়ার, ফ্রুট এন্ড ভেজিটেবল কাল্টিভেশন ১৫. ওয়েল্ডিং এন্ড ফেব্রিকেশন ১৬. সিভিল ড্রাফটিং উইথ ক্যাড ১৭. মেকানিক্যাল ড্রাফটিং উইথ ক্যাড ১৮. লাইভস্টক রিয়ারিং এন্ড ফার্মিং ১৯. পেশেন্ট কেয়ার ২০. প্লাম্বিং এন্ড পাইপ ফিটিং ২১. আর্কিটেকচারাল ড্রাফটিং উইথ ক্যাড। | কোন স্বীকৃত বোর্ড হতে সংশ্লিষ্ট টেকনোলজিতে ন্যূনতম ২য় বিভাগে (সমমান সিজিপিএ) ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং/ডিপ্লোমা-ইন-টেকনিক্যাল এডুকেশন/ডিপ্লোমা-ইন ভোকেশনাল এডুকেশন/কৃষি ডিপ্লোমা (তিন অথবা চার বছর মেয়াদি)।<br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে। |
| ৩২. | • উচ্চ মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১২শ)<br>• উচ্চ মাধ্যমিক কলেজ (১১শ-১২শ)<br>• স্নাতক (পাস) কলেজ (১১শ-১৫শ)<br>• আলিম মাদরাসা (১ম-১২শ)<br>• ফাযিল মাদরাসা (১ম-১৫শ)<br>• কামিল মাদরাসা (১ম-১৭শ) | প্রভাষক | ১. বাংলা ২. ইংরেজি ৩. অর্থনীতি ৪. রাষ্ট্রবিজ্ঞান ৫. ইতিহাস ৬. ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ৭. দর্শন ৮. সমাজবিজ্ঞান ৯.সমাজকল্যাণ/ সমাজকর্ম ১০. মনোবিজ্ঞান ১১. সংস্কৃত | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ডিগ্রিসহ ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি।<br>অথবা<br>স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছর মেয়াদি ২য় শ্রেণি/ সমমানের স্নাতক (সম্মান) ডিগ্রি।<br>অথবা<br>স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি/সমমান।<br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত শিক্ষা জীবনের অন্যান্য |

| ক্রমিক নং | শিক্ষা প্রতিষ্ঠানের ধরণ | পদের নাম | পরীক্ষার বিষয় | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | | ১২.পদার্থবিদ্যা ১৩. রসায়ন ১৪. গণিত ১৫. প্রাণিবিদ্যা ১৬. উদ্ভিদ বিজ্ঞান ১৭. ভূগোল ও পরিবেশ বিজ্ঞান ১৮. পরিসংখ্যান ১৯. মৃত্তিকা বিজ্ঞান ২০. ব্যবস্থাপনা ২১. মার্কেটিং ২২. ফিন্যান্স ২৩. গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান ২৪. ইসলাম শিক্ষা ২৫. পালি ২৬. হিসাববিজ্ঞান ২৭. কৃষিবিজ্ঞান। | স্তরে যে কোন ১টি ৩য় শ্রেণি/ সমমান গ্রহণযোগ্য হবে। |
| | | প্রভাষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) | ১. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি<br>২. কম্পিউটার বিজ্ঞান | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান/আইসিটি বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি ২য় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রি।<br>অথবা<br>স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান/আইসিটি বিষয়সহ স্নাতক ডিগ্রি এবং কম্পিউটার বিজ্ঞান/ আইসিটি বিষয়ে ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি।<br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত শিক্ষা জীবনের অন্যান্য স্তরে যে কোন ১টি ৩য় শ্রেণি/ সমমান গ্রহণযোগ্য হবে। |
| ৩৩. | • উচ্চ মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১২শ)<br>• উচ্চ মাধ্যমিক কলেজ (১১শ-১২শ)<br>• স্নাতক (পাস) কলেজ (১১শ-১৫শ) | প্রভাষক (শিশুর বিকাশ/খাদ্য ও পুষ্টি/ গৃহ ব্যবস্থাপনা ও পারিবারিক জীবন/ শিল্পকলা ও বস্ত্র পরিচ্ছদ) | গার্হস্থ্য অর্থনীতি | সংশ্লিষ্ট বিষয়ে/ গার্হস্থ্য অর্থনীতিতে ৪ বছর মেয়াদি সম্মান;<br>অথবা<br>স্নাতক পর্যায়ে গার্হস্থ্য অর্থনীতিসহ গার্হস্থ্য অর্থনীতি বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি।<br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত শিক্ষাজীবনের অন্যান্য স্তরে যেকোন ১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে। |
| ৩৪. | • উচ্চ মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১২শ)<br>• উচ্চ মাধ্যমিক কলেজ (১১শ-১২শ)<br>• স্নাতক (পাস) কলেজ (১১শ-১৫শ) | প্রভাষক (ফিন্যান্স, ব্যাংকিং এন্ড ইন্সুরেন্স) | ফিন্যান্স/ব্যাংকিং এন্ড ইন্সুরেন্স | ফিন্যান্স/ব্যাংকিং এন্ড ইন্সুরেন্স বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি ২য় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রি;<br>অথবা<br>স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকে ফিন্যান্স/ব্যাংকিং এন্ড ইন্সুরেন্স বিষয়সহ ফিন্যান্স/ব্যাংকিং এন্ড ইন্সুরেন্স বিষয়ে ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি;<br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত শিক্ষাজীবনের অন্যান্য স্তরে যেকোন ১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে। |
| ৩৫. | • উচ্চ মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১২শ)<br>• উচ্চ মাধ্যমিক কলেজ (১১শ-১২শ)<br>• স্নাতক (পাস) কলেজ (১১শ-১৫শ) | প্রভাষক (উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন) | মার্কেটিং/ ইন্টারন্যাশনাল বিজনেস/ম্যানেজমেন্ট | মার্কেটিং/ ইন্টারন্যাশনাল বিজনেস ম্যানেজমেন্ট বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি ২য় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রি;<br>অথবা<br>স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকে মার্কেটিং/ ইন্টারন্যাশনাল বিজনেস/ম্যানেজমেন্ট বিষয়সহ মার্কেটিং/ইন্টারন্যাশনাল বিজনেস/ম্যানেজমেন্ট বিষয়ে ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি।<br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত শিক্ষা জীবনের অন্যান্য স্তরে যে কোন ১টি ৩য় শ্রেণি/ সমমান গ্রহণযোগ্য হবে। |

| ক্রমিক নং | শিক্ষা প্রতিষ্ঠানের ধরণ | পদের নাম | পরীক্ষার বিষয় | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৩৬. | • আলিম মাদরাসা (১ম-১২শ)<br>• ফাযিল মাদরাসা (১ম-১৫শ)<br>• কামিল মাদরাসা (১ম-১৭শ) | প্রভাষক | আরবি | বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড হতে ২য় শ্রেণির কামিল ডিগ্রি বা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সমমানের ডিগ্রি।<br>অথবা<br>ইসলামী বিশ্ববিদ্যালয়/ইসলামী আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদরাসাসমূহ হতে ২য় শ্রেণির কামিল ডিগ্রি বা সমমান।<br>অথবা<br>ইসলামী বিশ্ববিদ্যালয়/ স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের থিওলজি অনুষদ, আরবি ও ফিকাহ বিভাগ হতে ২য় শ্রেণির অনার্সসহ স্নাতকোত্তর ডিগ্রি বা সমমান।<br>অথবা<br>স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি ২য় শ্রেণির সম্মান/সমমান।<br>সর্বশেষ ডিগ্রি ব্যতীত শিক্ষা জীবনের অন্যান্য স্তরে যে কোন ১টি ৩য় শ্রেণি বা সমমান গ্রহণযোগ্য হবে। |
| | • উচ্চ মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১২শ)<br>• উচ্চ মাধ্যমিক কলেজ (১১শ-১২শ)<br>• স্নাতক (পাস) কলেজ (১১শ-১৫শ) | প্রভাষক | আরবি | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আরবি বিষয়ে অনার্স ডিগ্রিসহ ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি।<br>অথবা<br>স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আরবি বিষয়ে ৪ বছর মেয়াদি ২য় শ্রেণি/ সমমানের স্নাতক (সম্মান) ডিগ্রি।<br>অথবা<br>স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আরবি বিষয়ে ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি/সমমান।<br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত শিক্ষা জীবনের অন্যান্য স্তরে যে কোন ১টি ৩য় শ্রেণি/ সমমান গ্রহণযোগ্য হবে। |
| ৩৭. | • উচ্চ মাধ্যমিক ব্যবসায় ব্যবস্থাপনা কলেজ/ ইনস্টিটিউট | প্রভাষক (বাংলা)<br>প্রভাষক (ইংরেজি)<br>প্রভাষক (গণিত)<br>প্রভাষক (ব্যবস্থাপনা)<br>প্রভাষক (হিসাবরক্ষণ) | বাংলা<br>ইংরেজি<br>গণিত<br>ব্যবস্থাপনা<br>হিসাববিজ্ঞান | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছর মেয়াদি ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) অনার্স ডিগ্রি/সমমান।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ০৩ (তিন) বছর মেয়াদি অনার্স ডিগ্রিসহ ২য় শ্রেণির (সমমানের সিজিপিএ) স্নাতকোত্তর ডিগ্রি।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়সহ স্নাতক ও সংশ্লিষ্ট বিষয়ে ১ম শ্রেণির (সমমানের সিজিপিএ) স্নাতকোত্তর ডিগ্রি/সমমান।<br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে। |
| | | প্রভাষক (উদ্যোক্তা উন্নয়ন) | ব্যবস্থাপনা | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ব্যবস্থাপনা বিষয়ে ৪ বছর মেয়াদি ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) অনার্স ডিগ্রি/সমমান।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ব্যবস্থাপনা বিষয়ে ০৩ (তিন) বছর মেয়াদি অনার্স ডিগ্রিসহ ২য় শ্রেণির (সমমানের সিজিপিএ) স্নাতকোত্তর ডিগ্রি।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ব্যবস্থাপনা বিষয়সহ স্নাতক ও ব্যবস্থাপনা বিষয়ে ১ম শ্রেণির (সমমানের সিজিপিএ) স্নাতকোত্তর ডিগ্রি/সমমান।<br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে। |

| ক্রমিক নং | শিক্ষা প্রতিষ্ঠানের ধরণ | পদের নাম | পরীক্ষার বিষয় | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | প্রভাষক (ব্যাংকিং) | ব্যাংকিং | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যিক বিষয়ে ৪ বছর মেয়াদি ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) অনার্স ডিগ্রি/সমমান।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যিক বিষয়ে ০৩ (তিন) বছর মেয়াদি অনার্স ডিগ্রিসহ ২য় শ্রেণির (সমমানের সিজিপিএ) স্নাতকোত্তর ডিগ্রি।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যিক বিষয়ে স্নাতক ও ১ম শ্রেণির (সমমানের সিজিপিএ) স্নাতকোত্তর ডিগ্রি/সমমান।<br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে। |
| | | প্রভাষক (কম্পিউটার অপারেশন) | কম্পিউটার অপারেশন | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হতে কম্পিউটার সাইন্স বা ইঞ্জিনিয়ারিং বা সমমানের ডিগ্রি বা বিএসসি ইন-টেকনিক্যাল এডুকেশন এ ২য় শ্রেণি/সমমানের সিজিপিএ।<br>অথবা<br>কোন স্বীকৃত বোর্ড হতে কম্পিউটার টেকনোলজিতে ১ম বিভাগে (সমমান সিজিপিএ) ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং/ ডিপ্লোমা ইন ভোকেশনাল এডুকেশন/সমমান।<br><br>[কম্পিউটার টেকনোলজিতে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং এর ক্ষেত্রে কম্পিউটার বিষয়ে নিবন্ধনধারী শিক্ষক হিসেবে শিক্ষা প্রতিষ্ঠানে অন্যূন ০৫(পাঁচ) বছরের শিক্ষকতার অভিজ্ঞতার পর প্রভাষক (কম্পিউটার অপারেশন) পদে নিবন্ধন পরীক্ষায় পাস হতে হবে।]<br><br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে। |
| ৩৮ | • কৃষি ডিপ্লোমা ইনস্টিটিউট | ইনস্ট্রাক্টর (টেক) | | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতক/সমমান।<br><br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে। |
| | | ১. কৃষি | ১. কৃষি | |
| | | ২. প্রাণি চিকিৎসা ও উৎপাদন | ২. প্রাণি চিকিৎসা ও উৎপাদন | |
| | | ৩. মৎস্য | ৩. মৎস্য | |
| | | ৪. কৃষি প্রকৌশল | ৪. কৃষি প্রকৌশল | |
| | • কৃষি ডিপ্লোমা ইনস্টিটিউট | ইনস্ট্রাক্টর (নন-টেক) | | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছর মেয়াদি ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) অনার্স ডিগ্রি/সমমান।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ০৩ (তিন) বছর মেয়াদি অনার্স ডিগ্রিসহ ২য় শ্রেণির (সমমানের সিজিপিএ) স্নাতকোত্তর ডিগ্রি।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়সহ স্নাতক ও ১ম শ্রেণির (সমমানের সিজিপিএ) সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি/সমমান।<br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে। |
| | | ১. বাংলা | ১. বাংলা | |
| | | ২. ইংরেজি | ২. ইংরেজি | |
| | | ৩. গণিত, পরিমিতি ও পরিসংখ্যান | ৩. গণিত, পরিমিতি ও পরিসংখ্যান | |
| | | ৪. পদার্থ | ৪. পদার্থ | |
| | | ৫. রসায়ন | ৫. রসায়ন | |
| | | ৬. ব্যবস্থাপনা | ৬. ব্যবস্থাপনা | |
| ৩৯ | • আর্ট কলেজ (চারুকলা) | প্রভাষক | | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ডিগ্রিসহ ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) এম.এফ.এ ডিগ্রি।<br>অথবা<br>স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বছর |
| | | ১. ড্রইং এন্ড পেইন্টিং | ১. ড্রইং এন্ড পেইন্টিং | |
| | | ২. প্রিন্ট মেকিং | ২. প্রিন্ট মেকিং | |
| | | ৩. ওরিয়েন্টাল আর্ট | ৩. ওরিয়েন্টাল আর্ট | |
| | | ৪. স্কাল্পচার | ৪. স্কাল্পচার | |

| ক্রমিক নং | শিক্ষা প্রতিষ্ঠানের ধরণ | পদের নাম | পরীক্ষার বিষয় | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | ৫. কমার্শিয়াল আর্ট | ৫. কমার্শিয়াল আর্ট/ গ্রাফিক ডিজাইন/ এ্যাপ্লাইড আর্ট | মেয়াদি ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) বি,এফ,এ (সম্মান) ডিগ্রি । অথবা ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) এম,এফ,এ ডিগ্রি ২য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে। |
| | | ৬. ক্রাফটস | ৬. ক্রাফটস | |
| | | ৭. সিরামিক | ৭. সিরামিক | |
| | | ৮. শিল্পকলার ইতিহাস | ৮. শিল্পকলার ইতিহাস | |

১৬। **সিলেবাস প্রাপ্তি:**

ক. প্রিলিমিনারি টেস্ট ও লিখিত পরীক্ষার বিষয়ভিত্তিক সিলেবাস NTRCA-এর http://ntrca.teletalk.com.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

খ. সকল পদের পরীক্ষার্থীগণ তাদের পছন্দকৃত ঐচ্ছিক বিষয়ে এনটিআরসিএ প্রদত্ত সিলেবাস অনুসরণপূর্বক পরীক্ষায় অংশগ্রহণ করবেন।

১৭। **পরীক্ষার উত্তরপত্র সংক্রান্ত গোপনীয়তা:**

প্রিলিমিনারি টেস্টের MCQ উত্তরপত্র ও লিখিত পরীক্ষার সকল উত্তরপত্র গোপনীয় দলিল হিসেবে গণ্য হবে এবং কোন অবস্থাতেই কোন প্রার্থী বা তার প্রতিনিধিকে সেগুলো প্রদর্শন বা প্রদান করা হবে না। প্রিলিমিনারি টেস্ট ও লিখিত পরীক্ষার কোন উত্তরপত্র পুনর্নিরীক্ষণ বা পুনপরীক্ষণের কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।

১৮। শিক্ষক নিবন্ধন পরীক্ষার যেকোন ফলাফল পুননিরীক্ষণ বা পুনপরীক্ষণের বিধান বিধিতে না থাকায় এ বিষয়ে কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।

১৯। **পরীক্ষার কেন্দ্রসমূহ:**

ক. প্রবেশপত্রে উল্লিখিত পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হয়ে প্রার্থীকে পরীক্ষা দিতে হবে। কেন্দ্র পরিবর্তনের কোন আবেদন গ্রহণ করা হবে না।

খ. প্রিলিমিনারি টেস্টের কেন্দ্র: দেশের ২০ (বিশ)টি জেলা শহর যথা: দিনাজপুর, রংপুর, বগুড়া, রাজশাহী, পাবনা, কুষ্টিয়া, যশোর, খুলনা, জামালপুর, ময়মনসিংহ, টাঙ্গাইল, ঢাকা, ফরিদপুর, কুমিল্লা, নোয়াখালী, চট্টগ্রাম, বরিশাল, পটুয়াখালী, সিলেট ও রাঙ্গামাটিতে পঞ্চদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০১৮ অনুষ্ঠিত হবে।

গ. লিখিত পরীক্ষার কেন্দ্র: প্রিলিমিনারি টেস্টে উত্তীর্ণ প্রার্থীদের দেশের বিভাগীয় ৮ (আট)টি জেলা শহর তথা: রংপুর, রাজশাহী, খুলনা, ঢাকা, চট্টগ্রাম, বরিশাল, সিলেট ও ময়মনসিংহ-এ লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে।

ঘ. Online আবেদনপত্রে প্রার্থী কর্তৃক পূরণকৃত পরীক্ষা কেন্দ্রে প্রার্থী প্রিলিমিনারি টেস্টে অংশগ্রহণ করবেন।

ঙ. প্রিলিমিনারি টেস্টে উত্তীর্ণ প্রার্থীগণ তাদের প্রিলিমিনারি টেস্টের কেন্দ্রের বিপরীতে নিম্নছকে বর্ণিত কেন্দ্রে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করবেন:

| প্রিলিমিনারি টেস্টের কেন্দ্র | লিখিত পরীক্ষার কেন্দ্র |
|---|---|
| রংপুর ও দিনাজপুর | রংপুর |
| বগুড়া, পাবনা ও রাজশাহী | রাজশাহী |
| যশোর, খুলনা ও কুষ্টিয়া | খুলনা |
| ঢাকা, ফরিদপুর ও টাঙ্গাইল | ঢাকা |
| রাঙ্গামাটি, চট্টগ্রাম, কুমিল্লা ও নোয়াখালী | চট্টগ্রাম |
| বরিশাল ও পটুয়াখালী | বরিশাল |
| সিলেট | সিলেট |
| ময়মনসিংহ, জামালপুর | ময়মনসিংহ |

২০। **বিবিধ:**

ক. ইতোপূর্বে অনুষ্ঠিত নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ যোগ্যতা সাপেক্ষে পঞ্চদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০১৮ এ অংশগ্রহণ করতে পারবেন।

খ. এম.পি.ও. নীতিমালা-২০১৮ অনুযায়ী বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক পদে নিয়োগের সর্বোচ্চ বয়সসীমা ৩৫ (পঁয়ত্রিশ) বছর।

গ. পরীক্ষার সময় পরীক্ষা কক্ষে প্রার্থীগণ কানের উপর কোন আবরণ রাখতে পারবেন না। কান খোলা রাখতে হবে।

ঘ. পরীক্ষার সময় পরীক্ষা কক্ষে প্রার্থীগণ গহনা/অলংকার জাতীয় কোন কিছু ব্যবহার করবেন না।

ঙ. পরীক্ষার হলে ক্রেডিট কার্ড/ ডেবিট কার্ড সদৃশ কোন কিছু বহন করা যাবে না।

চ. লিখিত পরীক্ষায় কৃতকার্য হলে প্রার্থীকে অনলাইন আবেদনপত্রে প্রদত্ত প্রতিটি তথ্যের স্বপক্ষে যথাযথ সনদ/প্রত্যয়নপত্র মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকালীন বোর্ডের সম্মুখে প্রদর্শন করতে হবে। কোন প্রার্থী অনলাইন আবেদন ফরম-এ প্রদত্ত তথ্য ও শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ যথাযথ সনদ/ প্রত্যয়নপত্র বোর্ডের সম্মুখে দাখিল করতে ব্যর্থ হলে বা কোন পদের জন্য নির্ধারিত যোগ্যতা না থাকলে বা আবেদন ফরমে ভুল তথ্য প্রদান করলে বা কোন অযোগ্যতা বা কোন Substantive ত্রুটি ধরা পড়লে যে কোন পর্যায়ে তার প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

ছ. যদি কোন প্রার্থী অসত্য/ভিন্নরূপ/ভুল তথ্য প্রদান করেন তবে যে কোন পর্যায়ে তা প্রমাণিত হলে তার সামগ্রিক প্রার্থীতা বাতিল হবে এবং তিনি NTRCA কর্তৃক গৃহীতব্য পরীক্ষায় সকল পদে আবেদনের অযোগ্য হিসেবে বিবেচিত হবেন এবং উক্ত প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

জ. যদি কোন প্রার্থী জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তির সঙ্গে বিবাহ বন্ধনে আবদ্ধ হন বা বিবাহ বন্ধনে আবদ্ধ হবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরি হতে বরখাস্ত হয়ে থাকেন এবং উক্তরূপ বরখাস্তের পর দুই বছর সময় অতিক্রান্ত না হয়ে থাকে তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

ঝ. চূড়ান্ত ফলাফল প্রকাশের তারিখ হতে পরবর্তী ৯০ (নব্বই) দিনের মধ্যে উত্তীর্ণ প্রার্থীর সনদপত্র Online আবেদনপত্রে উল্লিখিত তাঁর স্থায়ী ঠিকানার জেলা শিক্ষা অফিসে প্রেরণ করা হবে। উক্ত সময়ের মধ্যে এনটিআরসিএ কোন সাময়িক প্রত্যয়নপত্র প্রদান করবে না। ওয়েবসাইটে প্রদত্ত ফলাফল এর প্রিন্টকপি সাময়িক প্রত্যয়নপত্র হিসেবে গণ্য হবে।

ঞ. অনিবার্য কারণবশতঃ পরীক্ষার তারিখ ও সময় পরিবর্তিত হলে তা যথানিয়মে এবং যথাসময়ে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হবে।

ট. বিজ্ঞপ্তিতে অনুল্লিখিত কোন বিষয়ে ব্যাখ্যার প্রয়োজন হলে এনটিআরসিএ এ বিষয়ে প্রয়োজনীয় ব্যাখ্যা প্রদান করবে।

ঠ. পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য এনটিআরসিএ-এর ০২-৪১০৩০১৩২ ও ০২-৪১০৩০১২৮ নম্বর থেকে জানা যাবে।

ড. পরীক্ষা গ্রহণ, মেধাতালিকা প্রণয়ন ও নিবন্ধন সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(মোঃ হুমায়ূন কবীর)
সদস্য (যুগ্ম-সচিব)
পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন
এনটিআরসিএ, ঢাকা।